




অধ্যক্ষের কার্যালয়,  
হাটহাজারী সরকারি কলেজ, চট্টগ্রাম।

তারিখ ৪-২১/০৮/২০২১ খ্রি।

## বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজের ২০২১ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণেনেচ্ছুক শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম শিক্ষা বোর্ড কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ১২/০৮/২০২১ তারিখ থেকে ফরম পূরণের কার্যক্রম শুরু হয়েছে। চট্টগ্রাম শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী পরীক্ষার ফরম পূরণের যোগ্য নির্বাচিত শিক্ষার্থীদের প্রতিষ্ঠান প্রাপ্য এবং বোর্ড পরীক্ষা ফি ও কেন্দ্র ফিসহ সর্বমোট ফি এর এসএমএস ইতোমধ্যে শিক্ষার্থীদের মোবাইল নম্বরে পর্যায়ক্রমে দেয়া শুরু হয়েছে। এসএমএস প্রাপ্ত শিক্ষার্থীগণ প্রদত্ত লিংক ব্যবহার করে সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ৩০/০৮/২০২১ তারিখের মধ্যে ফরম পূরণের টাকা পরিশোধ করে ফরম পূরণের কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। যেহেতু এ বৎসর ফরম পূরণের কার্যক্রম অনলাইনের মাধ্যমে সেহেতু ফরম পূরণের ব্যর্থতায় কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। এতদসঙ্গে চট্টগ্রাম শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত ফরম পূরণের বিজ্ঞপ্তির (আংশিক) পরীক্ষার্থীদের করণীয় বিজ্ঞপ্তি সংযুক্ত করা গেল।

  
অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)

হাটহাজারী সরকারি কলেজ

হাটহাজারী, চট্টগ্রাম।

(গুল মোহাম্মদ)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

হাটহাজারী সরকারি কলেজ

হাটহাজারী, চট্টগ্রাম।

২১/০৮/২০২১

৪। পরীক্ষার্থীর করণীয়:

SMS এর মাধ্যমে পরীক্ষার্থীর নাম, এইচএসসি'র রেজিস্ট্রেশন নম্বর, এসএসসি(SSC) রোল, বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনাসহ সর্বমোট ফি আলাদা আলাদাভাবে জানতে পারবে এবং পরীক্ষার ফি পরিশোধের জন্য একাধিক পদ্ধতিও দেখতে পাবে।

পরীক্ষার ফি পরিশোধের পদ্ধতি:

(ক) SMS এ প্রাপ্ত LINK ব্যবহার করে অথবা সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা(Sonali eSheba) অ্যাপ ব্যবহার করে সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে। এছাড়া বোর্ডের ওয়েবসাইটের Student Panel থেকেও সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে।

(খ) উক্ত তিনটি পদ্ধতিতেই যেরূপে বসে সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা(Sonali eSheba) অ্যাপ ব্যবহার করে Nagad, bKash, Rocket, Upay, Sonali eWallet ইত্যাদি যে কোন একটির মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে। তাছাড়া যে কোন Visa, Master Card, American Express, Dbbl Nexus ব্যবহার করেও পরীক্ষার ফি প্রদান করা যাবে। এছাড়াও সোনালী ব্যাংকের একাউন্টধারীরা অনলাইন পেমেন্ট এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে।

(গ) এক্ষেত্রে সোনালী ব্যাংক এবং মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস(MFS) এর সার্ভিস চার্জও(বোর্ড কর্তৃক নির্ধারণকৃত) অপারেটর কেটে নিবে। যে অপারেটরের মাধ্যমে ফি পরিশোধ করা হবে সেই অপারেটরের সংশ্লিষ্ট একাউন্ট/ওয়ালেটে বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনা এবং সার্ভিস চার্জসহ সর্বমোট টাকার ন্যূনতম ব্যাল্যান্স থাকতে হবে।

(ঘ) পেমেন্ট করার পর পরীক্ষার্থীকে তার ফরম পূরণ সম্পন্ন হয়েছে মর্মে একটি SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে। কোন কারিগরি ত্রুটির কারণে পরীক্ষার্থী SMS না পেলে বোর্ডের ওয়েবসাইটে Student Panel থেকে তার ফরম পূরণের Status যে কোন সময় দেখতে পাবে। প্রতিষ্ঠানকর্তৃক নির্বাচিত পরীক্ষার্থীরাই ফরম পূরণের জন্য ফি জমা দিতে পারবে।

(বি.দ্র: নির্ধারিত সময়ের মধ্যে কোন পরীক্ষার্থী ফি পরিশোধ করতে ব্যর্থ হলে তার ফরম পূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে।)